



১৪ জানুয়ারী ২০১০

প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশবান্ধব, প্রাণবল্ম ও বসাবাসযোগ্য শহরের জন্য
সাইকেলে চলাচল উপযোগী পরিবেশ চাই

বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা) টাঙ্গাইল জেলা শাখার উদ্যোগে আজ ১৪ জানুয়ারী ২০১০ বৃহস্পতিবার, সকাল ১১.০০ টায় টাঙ্গাইল জেলা শহরের পৌর পার্কের সামনে “ পরিবেশ দূষণ রোধে পরিবেশবান্ধব যানবাহন ব্যবস্থা ও সাইকেলকে বিকল্প বাহন হিসেবে জনপ্রিয় করার লক্ষ্যে” এক সাইকেল র্যালী ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

সাইকেল র্যালীটি টাঙ্গাইল পৌর পার্ক থেকে শুরু হয়ে শহরের মূল সড়কসমূহ প্রদক্ষিণ করে। বাপা টাঙ্গাইল জেলা শাখার সভাপতি অধ্যক্ষ সেকান্দর হায়াত খান এর সভাপতিত্বে র্যালী শুরুর পূর্বে সমাবেশে বক্তব্য রাখেন বাপা ও বেন এর সদস্য জনাব কামরুল আহসান খান, বাপা'র যুগ্ম সম্পাদক জনাব শরীফ জামিল, জাতীয় ক্রীড়াবিদ কামরুল নাহার ডানা, অধ্যক্ষ শামসুন নাহার, মিসেস নিলুফার জাহান প্রমুখ। সাইকেল র্যালীর উদ্বোধন করেন বাপা ও বেন এর সদস্য জনাব কামরুল আহসান খান। কর্মসূচীতে বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ, বিভিন্ন সামাজিক ও পরিবেশবাদী সংগঠনের প্রতিনিধিগণ অংশ গ্রহণ করে।

বক্তারা বলেন, দেশে প্রতিরোধযোগ্য অসংক্রামক রোগ (ডায়াবেটিস, হৃদরোগ, ব্লাড প্রেসার ও মুটিয়ে যাওয়া) এর কারণে দিন দিন মৃত্যুর বৃদ্ধি পাচ্ছে। প্রতিদিন ৩০মিনিট অথবা বছরে ২১০০কিমি সাইক্লিং করলে ৫০ভাগ মুটিয়ে যাওয়া, ৩০ভাগ ব্লাড প্রেসার, ৫০ভাগ হৃদরোগ, ৫০ভাগ ডায়াবেটিসের হ্রাস পায়। পাশাপাশি অতিরিক্ত যান্ত্রিক যানবাহনের নির্ভরতার কারণে বৃদ্ধি পাচ্ছে পরিবেশ দূষণ। বিশ্বে পরিবহণ খাতে জীবাশ্ম জ্বালানী ব্যবহারজনিত কারণে ২৫শতাংশ কার্বন নির্গমণ হয়, যা জলবায়ু পরিবর্তনের অন্যতম কারণ। পরিবহণ ব্যবস্থায় সাইকেলের ব্যবহার বৃদ্ধির মাধ্যমে কার্বন নির্গমণ হ্রাস করা সম্ভব। তাছাড়া সাশ্রয়ী যাতায়াত মাধ্যম হিসেবে সাইকেলের বিকল্প নেই।

বক্তাগণ বলেন, শহরে প্রাইভেট কার বৃদ্ধির মাধ্যমে যানজট, রাস্তাঘাটের নির্মাণ ব্যয়, দূষণ, জ্বালানীর ব্যবহার ও দূর্ঘটনা বৃদ্ধি পাচ্ছে। এছাড়া বিনোদনের জন্য উন্মুক্ত স্থান ও শিশুদের খেলাধুলার জায়গা কমে আসছে। দীর্ঘস্থায়ী নগর পরিবহণ ব্যবস্থা গড়ে তুলতে পথচারী, সাইকেল, রিকশা ও উপযোগী পাবলিক পরিবহণের সমন্বয় করা প্রয়োজন।

বক্তাগণ আরো বলেন, সারা পৃথিবীতে সাইকেল খুবই জনপ্রিয় বাহন। রাষ্ট্রীয়ভাবে অনেক দেশেই সাইকেল ব্যবহার জন্য ব্যাপক সুযোগ সুবিধা দিচ্ছে। কিন্তু দুঃখজনক হলেও সত্য আমাদের দেশে পরিবহন ব্যবস্থায় সাইকেলের জন্য কোন সুযোগ-সুবিধা আজও তৈরি হয়নি। তারা বলেন, সাইকেলের উপর অধিক কর বড় ধরনের অস্বস্তিরায়। সর্বসাধারণ বিশেষ করে ছাত্র ও নিম্ন আয়ের মানুষের সুলভে সাইকেল প্রাপ্তি নিশ্চিত করতে সাইকেলের উপর আরোপিত কর হ্রাস করা প্রয়োজন।

কর্মসূচী থেকে শহরের সর্বত্র সাইকেলে চলাচলের জন্য পৃথক লেন ও পথ, স্ট্যান্ড তৈরি করা, কর কমানো, “বাইক এন্ড রাইড সিস্টেম” এবং ফ্রি সাইকেল সার্ভিস চালু, শিক্ষার্থীদের সুলভে সাইকেল সরবরাহ করা, পথচারী, রিকশা ও পাবলিক বাসে চলাচলের উপযোগী পরিবেশ সৃষ্টি করা, সাইকেল ক্লাব গড়ে তোলা, পথচারীদের নিরাপদ যাতায়াত নিশ্চিত করার দাবী উত্থাপন করা হয়।

**BANGLADESH
PORIBESH
ANDOLON
(BAPA)**

9/12 Block-D Lalmatia
Dhaka-1207, Bangladesh
Call: 8128024, 8113469
E-mail: bapa@sdbd.org
Web: www.bapa.bd.org

ধন্যবাদসহ-

ডাঃ মোঃ আব্দুল মতিন

সাধারণ সম্পাদক, বাপা